

## রাণুর চিঠি

শ্রাবণ মাস আকাশ নিবে এল  
তোমাকে খুব মনে পড়ছে আজ,  
ভয় করছে মুসলধারে বৃষ্টি  
ভানুদা জানি তোমার অনেক কাজ।

আমার ভয় আমার বৃষ্টিদিনে  
দুহাতে তোমায় জড়িয়ে ধরেছি,  
তোমার মুখে পঞ্চদশী চুমু  
এসব কথা আবার ভাবছি।

আবার মানে, ঠিক সাতমাস পরে  
আমার মুখে বাতাস লাগে হু হু,  
তোমার জন্যে শরীর কেমন করে  
ডাল্‌কপাখি আজকে মুহুমুহু।

আজকে আবার খোয়াই শালবন  
বনের ধারে আমরা দুজন সেই,  
বনের হরিণ তোমার বারান্দায়  
এসব কথা তোমার মনে নেই ?

আমি এখন তোমার রাণু নই  
আমি এখন বিগত কৈশোর,  
তবু আমার রোজ ঘুমাবার আগে  
মনে পড়ে সেই ভুবনডাঙার ভোর।  
যাগগে ওসব তোমার খবর কি ?  
আমি ভালো আছি, খাট বর, কলঘর,  
কোথাও কোনো ব্যাকুলতাবোধ নেই  
কোথাও কোনো চকিত কলস্বর।

তুমি কবি, তুমি ঐপ্রকৃতি ব্যস্ত  
লেখা ছাড়া আমি তোমার কোথাও নেই,  
বহুদিন পর ভানুদাদা আমি কাঁদছি  
একথা আবার মনে হওয়া মাত্রই...

বীথি চট্টোপাধ্যায়

